মহাদেবপুর উপজেলা পরিষদে ২৩/১১/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মহাদেবপুর,নওগাঁ।

সভার তারিখ : ২৩/১১/২০২১ খ্রি:

সভার সময় : সকাল ১১: ০০ টা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উপস্থিত দপ্তর প্রধানদের বক্তব্য তুলে ধরার আহবান জানান।

০১। বিভাগীয় আলোচনা :

১.১। কৃষি বিভাগ:

উপজেলা কৃষি কর্মকর্তা জানান, এ বছর রোপা আমন ফসলের লক্ষ্যমাত্রা ২৭৮৫৫ হেক্টর। এ পর্যন্ত ২৮৮৯০ হেক্টর জমিতে রোপা আমন ফসলের চাষ হয়েছে। এর মধ্যে উফসী-১৮৭৫০ এবং স্থানীয় চিনি আতব ১০১৪০ হেক্টর। মাঠে আমন ফসলের বর্তমান অবস্থা ভাল। কোথাও পোকা-মাকড় ও রোগ বালাইয়ের উল্লেখযোগ্য সমস্যা নেই। মাঠে সার, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মজুদ ও সরবরাহ সন্তোষজনক। ২০২১-২০২২ অর্থ বছর রবি মৌসুমে ফসলের বার্ষিক কর্মপরিকল্পনা মতে বাস্তব কার্যক্রম মাঠে শুরু করা হয়েছে। আসন্ন আমন ফসলের ইঁদুর দমনের লক্ষ্যে কৃষকদের বিভিন্নভাবে পরমর্শ প্রদান করা হচ্ছে। রবি মৌসুমে বোরো বীজতলা, আলু, সরিষা, গম, চীনাবাদাম, সূর্যমুখী, মিষ্টি আলু, মরিচ, পেঁয়াজ, রসুন শাক-সবজি জাতীয় ফসল ও রবি মৌসুমের ফসল অগ্রগতি কার্যক্রম চলমান আছে।

১.২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস:

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আলোচ্য মাসে সেবাগ্রহীতার তথ্য সম্পর্কে জানান যে, বহিঃ বিভাগ ৮২৫৪ জন অন্তঃ বিভাগ-৪৪৯ জন, জরুরি বিভাগ-১১৬৭ জন, উপস্বাস্থ্য কেন্দ্র (৫টি)=৭৩১৭ জন। নরমাল ডেলিভারী-২২ জন এবং কুকুর ও অন্যান্য প্রাণির কামড়ানো রোগীর সংখ্যা-১৭০ জন, বর্তমানে ভ্যাকসিন মজুদ নাই। বিষ খাওয়া রোগী- ২৪ জন (পুরুষ-১০ জন, মহিলা-১৪) রোড অ্যাকসিডেন্ট রোগীর সংখ্যা ১৪০ জন, পানিতে ডোবা রোগী নাই। কমিউনিটি ভিশন সেন্টারে মোট রোগীর সংখ্যা-৫৭০ জন।

১.৩। উপজেলা মৎস্য অফিস:

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর কার্যালয়ের কার্যক্রম বিষয়ে বর্ণনা করে জানান যে, অফিসে আগত মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান, মৎস্য চাষির পুকুর/খামার পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান, অফিসে আগত মৎস্য চাষীদের পুকুর/খামার পরিদর্শন করে পানি পরীক্ষা অন্তে পরামর্শ প্রদান করা হয়। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে হাট-বাজার পরিদর্শন / অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৪। উপজেলা প্রাণি সম্পদ অফিস:

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, অত্র দপ্তরের মাধ্যমে গবাদি পশুর টিকা ৪০৬০ মাত্রা ও হাঁস, মুরগীর টিকা ৪৫০০০ মাত্রা প্রদান করা হয়েছে, ১৯১১ টি গবাদি পশু ও ১২,৫৩৭ টি হাঁস, মুরগীর চিকিৎসা করা হয়েছে। ৮৮৩টি গবাদি পশু কৃত্রিম প্রজনন করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

১.৬। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই।

১.৭। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই।

চলমান পাতা-২

১.৮। উপজেলা সমাজসেবা বিভাগ:

সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমের আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ও বিধবা ভাতা শতভাগে উন্নীত করা হয়েছে। নীতিমালা মতে যাচাই-বাছাই করে প্রাপ্ত বরাদ্দের মধ্যে উপকারভোগী নির্বাচন করে উপকারভোগীদের এমআইএস কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং তাঁদের ব্যাংক হিসাব খোলার কাজ শুরু হবে। চলতি অর্থ বছরে অচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন কমিটি এবং উপজেলা কমিটির সভায় যাচাই-বাছাই অন্তে তাদের ব্যাংক হিসাব খোলার কাজ শুরু হবে। দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে।

১.৯। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর:

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, জুন'২১ পর্যন্ত মাতৃত্বকাল ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে। অত্র দপ্তর কর্তৃক পরিচালিত ভিজিডি কার্যক্রম প্রতি মাসের ন্যায় আলোচ্য মাসের কার্যক্রম চলমান আছে। এছাড়াও আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ১২তম ব্যাচের ফ্যাশন ডিজাইন এবং ভর্মি কম্পোষ্ট, মাশরুম ও মৌচাষ ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক জরুরি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১০। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :

সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে নিরাপদ পানি সরবরাহের আওতায় বরাদ্দকৃত ২৬০ টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং এ পর্যন্ত ২৫০ টি নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট নলকূপগুলো স্থাপনের প্রক্রিয়াধীন রয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১১। উপজেলা পল্লী উন্নয়ন অফিস:

উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা জানান যে, অত্র প্রতিষ্ঠান শুরু থেকে ( ১৯৯৩ সাল হতে) এ পর্যন্ত ২৭৫২.৭৮ লক্ষ টাকা উপকারভোগীদের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে এবং শুরু থেকে এ পর্যন্ত ঋণ আদায় করা হয়েছে ২৯৯৮.৩৭ লক্ষ টাকা। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১২। উপজেলা যুব উন্নয়ন অফিস:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, প্রশিক্ষণ ও যুব ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম যথাযথভাবে চলছে। চলতি মাসে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের ২টি ব্যাচ( গবাদী পশু ও হাঁস-মুরগী পালন) এ মাসে সম্পন্ন করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

উপজেলা সমবায় অফিস:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, আগামী ০৬/১১/২০২১ খ্রি: তারিখ রোজ শনিবার ৫০ তম জাতীয় সমবায় উদ্‌যাপিত হবে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সমবায় সমিতিসমূহের অডিট, পরিদর্শন, তদারকি/পরিচর্যা প্রভৃতি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১৩। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সভায় সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) জানান যে, রবি মৌসুমে সেচ কার্যক্রমের জন্য প্রায় সকল গভীর নলকূপসহ সকল সেচ কাজ সচল রয়েছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই।

১.১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে কাবিট/কাবিখা বিভাজন হয়েছে এবং তালিকা অনুমোদনের জন্য জেলা ত্রাণ কার্যালয়, নওগাঁয় প্রেরণ করা হয়েছে। অন্যান্য কাজ চলমান রয়েছে ।

১.১৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্য মাসে মোট সক্ষম দম্পত্তি ৬৬৯৩৭ জন, মোট গ্রহণকারী ৫৫৬৭৭ জন, মোট গ্রহণকারীর হার ৭৯.৬১%, পুরুষ- ১৬৩৯১৮ জন, মহিলা- ১৫৯৯৩৯ জন, সর্বমোট= ৩২৩৮৫৭ জন। স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম:

পুরুষ- ০১ জন, মহিলা- ০১জন, আইইউডি- ০৫ জন, ইমপ্ল্যান্ট- ৫৩ জন মোট গর্ভবতী- ১৬৬৪ জন, মোট ডেলিভারী- ১৫০ জন, সাধারণ রোগী পুরুষ- ৭৪২ জন, মহিলা- ২৭০৫ জন।

১.১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, মহাদেবপুর উপজেলার খাদ্য শস্য মজুদ এর পরিমাণ চাউল ১৮৫৯.৮৯২ মে: টন , গম = ৮১.৪৫৮ মে: টন, খালি বস্তা=৬,৭৩,০২১ খানা। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই ।

চলমান পাতা-৩

১.১৭। <u>পল্লী বিদ্যুৎ সমিতি:</u>

ডিজিএম, মহাদেবপুর জোনাল অফিস, নওগাঁ পবিস-২, মহাদেবপুর, নওগাঁ জানান বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে। নিয়মিতভাবে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে। কোন সমস্যা নেই।

১.১৮। <u>উপজেলা আনসার ও ভিডিপি অফিস:</u>

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আলোচ্য মাসে ৬০ জন আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের মাঝে সহায়তা প্রদান করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৯। <u>বন বিভাগ:</u>

সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা জানান, অত্র উপজেলায় বন বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

১.২০। <u>উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ</u>

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে,২০২১-২২ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল হতে গৃহীত ও অনুমোদিত প্রকল্পের সার্বিক অগ্রগতি ৩০%। নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০% কাজ সমাপ্ত হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

১.২১। <u>"বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন নির্মাণ প্রসঙ্গে "</u>

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মহাদেবপুর সভায় জানান যে, অতি শিঘ্রই অত্র উপজেলায় "বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন "এর নির্মাণ কাজ শুরু হবে এ লক্ষে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। কিন্তু প্রস্তাবিত জায়গায় ছোট বড় ১০টি গাছ এবং একটি পরিত্যাক্ত টিউবওয়েল থাকায় কাজ শুরু হচ্ছে না। ইতোমধ্যে সয়েল টেষ্টের কাজ শেষ হয়েছে। স্বল্প সময়ের মধ্যে বিল্ডিং নির্মাণের কাজ শুরু হবে। বর্ণিত গাছ ও পরিত্যাক্ত টিউবওয়েল অপসারণ করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার,মহাদেবপুর সভায় জানান যে, গাছ অপসারণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের প্রয়োজন রয়েছে। সে ক্ষেত্রে গাছের মূল্য নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় প্রস্তাবনা জেলা প্রশাসক,নওগাঁ মহোদয়র বরাবর প্রেরণ করতে হবে। উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গাছ কর্তন করা যেতে পারে।

আলোচনা/সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে গাছগুলো সরেজমিনে তদন্ত পূর্বক উপজেলা বন কর্মকর্তা, মহাদেবপুরকে মূল্য নির্ধারনী প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানান হয়। মূল্য প্রতিবেদন পাওয়ার পর বিধিমতে পরবর্তী ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে সভায় অনুররোধ জানান হয়।

১.২২। <u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা ঃ</u>

উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় মহাদেবপুর উপজেলার অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের দুটি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প সমাপ্ত হয়েছে বলে সবাইকে অবগত করেন। প্রকল্প দুটি যথাক্রমে ক) মহাদেবপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু বেঞ্চ সরবরাহ এবং খ) মহাদেবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ডায়বটিক সমিতিতে মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ। কাজ দুটি সরন্তাষ জনক ভাবেসমাপ্ত হওয়ায় ঠিকাদার বিল পাওয়ার জন্য আবেদন করেন।

<u>আলোচনা/সিদ্ধান্তঃ-</u>

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে কাজের গুণগতমান পর্যালোচনা করে বিল প্রদানের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিলের বিস্তারিত বিবরণ নিম্নরুপ:

<u>অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পর তালিকা</u>

| উপজেলা, জেলা | উপ-প্রকল্পের নম্বর | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়করসহ) (টাকা) | ঠিকাদার কর্তৃক দখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও আয়করসহ) (টাকা) | পরিশোধযোগ্য মোট বিলের পরিমান (টাকা) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভ্যাট ও আয়করব্যতিত বিল (টাকা) | ভ্যাটের পরিমান (টাকা) | আয়কররেপ রিমান (টাকা) | ভ্যাট ও আয়করসহমোট বিল (টাকা) | |
| মহাদেবপুর, নওগাঁ | INF-19-20-506450-02 | ৯৮৯৮০০.০০৬ | ৯৮৯৮০০.০০ | ৮৮৫৮৭১.০০ | ৭৪২৩৫.০০ | ২৯৬৯৬/ | ৯৮৯৮০০.০০ | ভ্যাট ৭.৫% ও আয়কর ৩% |
| মহাদেবপুর, নওগাঁ | INF-18-19-506450-03 | ১০৫২৭০০.১২১ | ১০৫২৭০০.০০ | ৮৬৩২১৪.০০ | ১৫৭৯০৫.০০ | ৩১৫৮১/ | ১০৫২৭০০.০০ | ভ্যাট ১৫% ও আয়কর ৩% |
| | | ২০৪২৫০০.১২৭ | ২০৪২৫০০.০০ | ১৭৪৯০৮৫.০০ | ২৩২১৪০.০০ | ৬১২৭৭/ | ২০৪২৫০০.০০ | |

বিল গুলি প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, ঢাকায় যথাসময়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউডিএফ, মহাদেবপুরকে অনুরোধ জানানোহয়। সভাপতি সবাইকে ধন্যবাদ জানায়ে সভার কাজ শেষ করেন।

চলমান পাতা-৩

২। বিবিধ ঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকা ও অফিস এলাকায় আলো স্বল্পতার জন্য পরিষদ চত্তরের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। এ ছাড়া উপজেলা পরিষদ চত্তরে নির্মিত আনসার ব্যারাক এর ডিজাইন ও প্রাক্কলিত মূল্যের পার্থক্য থাকার কারণে অতিরিক্ত ০৩টি দরজা,জানালা ও সিলিং এর করা করা হয়। ইউটিডিসি ভবন এর ট্রেজারী,প্রকল্প বাস্তবায়ন অফিস মেরামত ও সংস্কার করা প্রয়োজন। বর্ণিত কাজগুলো সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রাক্কলিত ব্যয় নিম্নরূপ ঃ

ক) আনসার ব্যারাকের অতিরিক্ত ০৩টি দরজা,৪টি জানালা,সিলিং ও পরিষদ চত্তর পরিস্কার পরিচ্ছন্ন করণ ঃ ২,০০,০০০/-টাকা।

খ) ইউডিসি ভবন এর ট্রেজারী অফিস ও প্রকল্প বাস্তবায়ন অফিস এবং আনসার ব্যারাক থেকে মুল ড্রেন পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ। =৪,০০,০০০/-টাকা।

আলোচনা/সিদ্ধান্ত ঃ

সভায় বিস্তারিত আলোচনান্তে কাজ দুটি পরিদর্শন করে প্রয়োজনীয়তার আলোকে প্রাক্কলন প্রস্ততসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে অনুরোধ জানান হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (রক্ষণাবেক্ষণ) খাত হতে উক্ত নির্বাহের জন্য সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,উপজেলা পরিষদের পূর্বাচল ভবন এবং প্রান্তিক ভবনের বর্তমান অবস্হা খুবই খারাপ। জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। ভবনের অনেক স্হান চটে গিয়েছে। তাছাড়া জরুরী ভিত্তিতে রং করা প্রয়োজন।

আলোচনা/সিদ্ধান্ত ঃ

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ভবন দুটি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে সভায় অনুরোধ জানান হয়। উপজেলা পরিষদ বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ খাত হতে উক্ত ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আহসান হাবীব
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহাদেবপুর, নওগাঁ
☏০২৫৮৮৮৮৫১০০ মোবা: ০১৭১২-১৬৬৩১০
ই-মেইল: uzpcmohadevpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
Website: mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০.১০.০১.২১-

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ- ৩, মহাদেবপুর-বদলগাছী নির্বাচনী এলাকা, নওগাঁ।
২। জেলা প্রশাসক, নওগাঁ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৫। উপজেলা ------------------------------------------------অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
৬। চেয়ারম্যান, ---------------------------------------------ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
৭। -------------------------------------------------------------------------------------------

মোঃ মিজানুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
মহাদেবপুর,নওগাঁ।
☏০২৫৮৮৮৮৫০০১ মোবা: ০১৭৭৪৯১৪৮৪৯
ই-মেইল: unomohadevpur@mopa.gov.bd